মেহেরপুর পৌরসভা

মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ১৮/০৭/২০২১ ইং তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. PRAP বাস্তবায়নে বস্তি উন্নয়ন কার্যক্রমের ২য় পর্যায়ের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২১/০৬/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
PRAP বাস্তবায়নে বস্তি উন্নয়ন কার্যক্রমের ২য় পর্যায়ের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভায় দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা PRAP বাস্তবায়নে অত্র পৌরসভায় তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্পের আওতায় অনুমোদিত ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ ১ম ও ২য় কিস্তির সম্পন্ন হয়েছে। ইতি মধ্যে উক্ত কাজের বিল/ভাউচার সমন্বয় এর জন্য পিএমওতে প্রেরণ করা হয়েছে। সেই সাথে ৩য় কিস্তির অর্থ ছাড়ের জন্য পিএমওতে পত্র প্রেরণ করা হয়েছে। বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, ১ম ও ২য় পর্যায়ের কাজের মধ্যে ৬টি বস্তিতে ১৪ টি ষ্টিট লাইট, বরাদ্দকৃত ফুটপাথ, বরাদ্দকৃত ড্রেন, ৪৪টি টিউবওয়েল ও ২টি ডাষ্টবিন ইতি মধ্যে নির্মিত হয়েছে। ৭৩টি পায়খানার কনসট্রাকশন কাজ শেষ হয়েছে। ৩য় কিস্তির অর্থ পেলে বাকি কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করা হবে। বস্তি উন্নয়ন কর্মকর্তা এই কাজ গুলি সুষ্ঠভাবে সম্পন্ন করতে	পৌর পরিষদ, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এস আই সি।

	সকলের সহযোহিতা কামনা করেন। তিনি সকলকে অনুরোধ করেন এই কাজগুলি সুষ্ঠভাবে হচ্ছে কিনা তা মনিটরিং করার জন্য। মেয়র মহোদয় সভায় বলেন, বস্তি উন্নয়নের কাজ এসআইসির মাধ্যমে হচ্ছে। এই কাজ যাতে দ্রুত সময়ের মধ্যে শেষ হয় সেই দিকে নজর দেওয়ার জন্য তিনি সংশ্লিষ্ঠ সকলকে নির্দেশনা দেন। তিনি সভায় বলেন, এখনো ২টি কিস্তির কাজ বাকি রয়েছে। তাই যত দ্রুত সম্ভব অর্থ প্রাপ্তি সাপেক্ষে বাকি কাজগুলি সম্পন্ন করার জন্য তাগাদা দেন। তিনি এই ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন।	
বিবিধ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি হোসনে আরা সভাপতির মাধ্যমে মেয়র মহোদয়ের নিকট বলেন, বর্তমানে মেহেরপুরে করোনা ভাইরাসের প্রকোপ কিছুটা কম হলেও যারা ছোট ব্যবসায়ী ছিল তাদের ব্যবসা শেষ হয়ে গেছে। অনেকের যেটুকু পুজি ছিল তাও শেষ হয়ে গেছে। এমতাবস্থায়, ঐ সকল ব্যবসায়ীদের কোন সহায়তা দেওয়া যায় কিনা তা মেয়র মহোদয়ের নিকট জানতে চান? মেয়র মহোদয় সভায় জানান, PRAP বাস্তবায়নে মেহেরপুর পৌরসভা বরাবর কাজ করে আসছে। তবে সব ব্যবসায়ীদের ঢালাও ভাবে সাহায্য করার মতো অবস্থা পৌরসভার নেই। তিনি বলেন, তিনি নিজে বিভিন্ন সময় ছোট ব্যবসায়ী, অটো চালক, নাপিত সহ অনেককেই খাদ্য ও আর্থিক সাহায্য করেছেন। বর্তমানে যদি কেউ খুব বেশি সমস্যায় পড়ে তাহলে সব কিছু বিবেচনা করে অবশ্যই তাকে সহায়তা করা হবে।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও৬ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২. জনাব ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিঃ স্থায়ী কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ১৮/০৭/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	
৩	জনাব হামিদা	মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব আবু হেনা মোস্তফা কামাল	সহকারী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	18/7/21
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	হোসনে আরা
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	১৮/০৭/২১
৯	[illegible]	CDA (UGIIP-3)	
১০			